



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মদন মোহন কলেজ, সিলেট



তারিখ : ১৮.০৫.২০২৬ খ্রি.

২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট থেকে (ems.nu.ac.bd) আবেদন ফরম ডাউনলোড করার শেষ তারিখ : ১১.০৬.২০২৬ পর্যন্ত।

ক্রমিক	বিষয়ের	অনলাইনে টাকা জমা ও স্ব-স্ব বিভাগে পূরণকৃত ফরম জমাদানের শেষ তারিখ	নিয়মিত	অনিয়মিত	মানোন্নয়ন
০১	অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন ও বাংলা	১১.০৬.২০২৬	৩৩৩৫.০০	৩,৯৩৫.০০	১ বিষয় : ১,৪০০.০০ একাধিক বিষয় হলে উক্ত ফি এর সাথে প্রতি বিষয়ে ৩০০.০০ টাকা হারে যোগ হবে।
০২	হিসাববিজ্ঞান, ও ব্যবস্থাপনা	১১.০৬.২০২৬	৩,৬৯৫.০০	৪,২৯৫.০০	
০৩	২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ক্ষেত্রে		৫,৫০০.০০		

**C Promoted** শিক্ষার্থী উক্ত ফি এর সাথে অতিরিক্ত ফি বাবদ ১,৫০০.০০ টাকা পরিশোধ করতে হবে।

(শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণের টাকা জমাদানে সমস্যা দেখা দিলে কলেজ অফিসে যোগাযোগ করতে বলা হলো।)

১. ক) নিয়মিত/অনিয়মিত (সকল পত্র) শিক্ষার্থীরা সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা অনার্স রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে সরকারি মদন মোহন কলেজ, সিলেট-এর ওয়েবসাইটে (<https://mmc.eshiksaems.com>) গিয়ে User Name : mmcstudent ও Password: mmcstudent দিয়ে Login করে Pay slip প্রিন্ট করতে হবে।

খ) গ্রেড উন্নয়ন (এক বা একাধিক কোর্স) পরীক্ষার্থীরা সরকারি মদন মোহন কলেজ, সিলেট-এর ওয়েবসাইট (<https://mmc.eshiksaems.com>) হিয়ে User Name : mmcstudent ও Password: mmcstudent দিয়ে Login করে Improvement Formfillup এ ক্লিক করতে হবে। এরপর অনার্স রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View Charge and course detail ক্লিক করে বিষয় সিলেক্ট করে Submit করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে। এরপর শিক্ষার্থী বিকাশ/নগদে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর মোবাইল নম্বরে কলেজ রেজিস্ট্রেশনসহ ফরম পূরণের SMS আসবে। এরপর Receipts Print অপশনে গিয়ে Pay slip প্রিন্ট করতে হবে। C Promoted শিক্ষার্থীর ক্ষেত্রে Conditional Improvement Charge অপশনে Yes দিয়ে এবং সাবজেক্ট সিলেক্ট করে অবশিষ্ট প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**১. আবেদন ফরম সংগ্রহ :**

অনার্স প্রথম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (ems.nu.ac.bd) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে ডাউনলোড এর মাধ্যমে প্রিন্ট কপি ই-শিক্ষার মাধ্যমে পরিশোধিত নির্ধারিত ফিসের রসিদসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য : ২০২৪-২০২৫ শিক্ষাব-র্ষের ছাত্রছাত্রীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।  
অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য : ক) ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted রয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না।

**মানোন্নয়ন :**

ক) ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র C, C+ এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় সর্বোচ্চ ২টি পত্রে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে এফ গ্রেড রয়েছে তারা ২০২৫ সালের পরীক্ষায় এফ গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিতি পত্রে ২০২৫ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

অধ্যক্ষ  
সরকারি মদন মোহন কলেজ, সিলেট